# ২০২৫

## বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) চর্যাপদের আবিষ্কার সম্পর্কিত তথ্যাবলি আলোচনা করে বাংলা সাহিত্যের ইতিহাসে এই কাব্যের ঐতিহাসিক গুরুত্ব পর্যালোচনা করো। সংক্ষেপে এই কাব্যের সাহিত্যিক মূল্য নিরূপণ করো। (৪+৩)+৮

*অথবা*

(খ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের কাহিনি সংক্ষেপে উল্লেখ করো। আদি মধ্যযুগের বাংলা কাব্য হিসাবে এই কাব্যের বিশিষ্টতা নির্ণয় করো। ৭+৮

২। (ক) বাংলা অনুবাদ সাহিত্যে কৃত্তিবাস ওঝা বিরচিত রামায়ণ-এর নাম কী? এই অনুবাদকাব্যের অভিনবত্ব আলোচনা করো। ১+১৪

*অথবা*

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে বিদ্যাপতিকে অন্তর্ভুক্ত করার কারণগুলি নির্দেশ করে তাঁর কবিকৃতিত্ব বিচার করো। ৫+১০

৩। (ক) মনসামঙ্গলকাব্য-এর কাহিনি সংক্ষেপে উল্লেখ করে এই কাব্যধারার যে-কোনো একজন কবির বৈশিষ্ট্য বুঝিয়ে দাও। ১০+৫

*অথবা*

(খ) শাক্ত পদাবলী সাহিত্যধারায় রামপ্রসাদ সেনের অবদানের একটি মূল্যায়ন করো। ১৫

৪। (ক) টীকা লেখো — চর্যাপদে প্রতিফলিত সমাজজীবনের ছবি। ৫

*অথবা*

(খ) টীকা লেখো — বড়াই চরিত্রের গুরুত্ব। ৫

৫। (ক) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যের রচনাকাল সম্পর্কে আলোচনা করো। ৫

*অথবা*

(খ) টীকা লেখো — ‘চৈতন্যভাগবত’। ৫

৬। (ক) টীকা লেখো — সতী ময়না। ৫

*অথবা*

(খ) কবি ঘনরাম চক্রবর্তীর সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর পুঁথি কে আবিষ্কার করেন?

(খ) 'চর্যাগীতি পদাবলী' নামে চর্যাপদের পুঁথি কে সম্পাদন করেন?

(গ) বক্তিয়ার খিলজি কত খ্রিস্টাব্দে বাংলা আক্রমণ করেন?

(ঘ) মালাধর বসুর উপাধি কী ছিল?

(ঙ) বাল্মীকি রামায়ণ-এর 'যুদ্ধকাণ্ড' কৃত্তিবাসী রামায়ণ-এ কী নামে উল্লিখিত?

(চ) শ্রীকর নন্দী কোন কাব্য বাংলায় অনুবাদ করেন?

(ছ) কোন কবিকে 'দ্বিতীয় বিদ্যাপতি' নামে অভিহিত করা হয়?

(জ) 'চৈতন্যচরিতামৃত' কাব্যে মোট কয়টি লীলা বা খণ্ড আছে?

(ঝ) 'খুল্লনা' কোন কাব্যগ্রন্থের অন্যতম চরিত্র?

(ঞ) কোন কাব্যধারাকে 'রাঢ় বাংলার মহাকাব্য' বলা হয়ে থাকে?

(ট) শাক্ত পদাবলি সাহিত্যের মুখ্য দুটি পর্যায়ের নাম লেখো।

(ঠ) 'পদ্মাবতী' কাব্যটি কোন কবির লেখা কোন মূল কাব্যের অনুবাদ?

(ড) শাহ মুহম্মদ সগীর কোন সুলতানের পৃষ্ঠপোষকতায় কাব্য রচনা করেন?

(ঢ) বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থটির রচয়িতা কে?

(ণ) 'বাংলা সাহিত্যের রূপরেখা' কার লেখা গ্রন্থ?

---